দৈনিক বাংলা

তারিখ 28/2/79
পৃষ্ঠা 1 কলাম 2

004

# শীঘ্রই নির্বাচনী ট্রাইব্যুনাল হবে

## কমিশনে দরখাস্ত না দিয়ে কোন এলাকার নির্বাচনে বৈধতার প্রশ্ন তোলা যাবে না

(স্টাফ রিপোর্টার)

'সম্ভাব্য স্বল্প সময়ের ভিতর' নির্বাচনসংক্রান্ত বিভিন্ন আবেদনের নিষ্পত্তি করার জন্যে বাংলাদেশ নির্বাচন কমিশন শীগগীরই নির্বাচন ট্রাইব্যুনাল নিয়োগের কথা ঘোষণা করবেন।

নির্বাচন কমিশনের কাছে লিখিত দরখাস্ত দাখিল না করে কোন প্রার্থী কোন এলাকার নির্বাচনের বৈধতা সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করতে পারবেন না। ১৯৭২ সালের 'রিপ্রেজেন্টেশন অর্ডার'-এর ৪৯ (১) নম্বর আর্টিকেলের (পিও নং ১৫৫) উদ্ধৃতি দিয়ে বাংলাদেশ নির্বাচন কমিশন গতরাতে একথা জানান।

এক হাজার টাকা আমানতের রশিদসহ কোন প্রার্থী নিজে অথবা প্রতিনিধির মাধ্যমে অথবা রেজিস্টার্ড ডাকযোগে নির্বাচন সম্পর্কে তার বক্তব্য দরখাস্ত আকারে নির্বাচন কমিশনে পাঠাতে পারবেন বলে নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। সরকারী গেজেটে বিজ্ঞপ্তিতে বিজয়ী প্রার্থীদের নাম প্রকাশের ৪৫ দিনের মধ্যে এ ধরনের দরখাস্ত দাখিল করতে হবে। দরখাস্তে প্রতিদ্বন্দ্বী সকল প্রার্থীর নাম এবং কোন প্রার্থীর বিরুদ্ধে বিশেষ অভিযোগ থাকলে তা উল্লেখ করতে হবে। দরখাস্তকারীকে তার দরখাস্তের কপি প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকেও দিতে হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, (১) বিজয়ী প্রার্থীর নির্বাচন বাতিল, (২) বিজয়ী প্রার্থীর নির্বাচন বাতিল করে আবেদনকারীকে অথবা অন্য কোন প্রতিদ্বন্দ্বীকে নির্বাচিত ঘোষণা, কিংবা (৩) পুরো নির্বাচন বাতিল ঘোষণা—এই তিনটি দাবীর যেকোন একটির উল্লেখ দরখাস্তে করতে হবে।